



## প্রেস বিজ্ঞপ্তি

### বঙ্গবন্ধুর সমাধিতে

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৪টি সংগঠনের শ্রদ্ধা নিবেদন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ৪টি সংগঠন। ২৭ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৪ টায় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদ এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের নেতৃবৃন্দ টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ, সাধারণ সম্পাদক নাদিম মল্লিক, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি আরিফ হোসেন সুমন, সাধারণ সম্পাদক নূরউদ্দিন, গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার এবং সাধারণ সম্পাদক মহিন সরদার কালুসহ কার্যনির্বাহী পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় আরও উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডিন, রেজিস্ট্রার, ৪টি হলের প্রাধ্যক্ষ, প্রক্টরসহ অন্যান্যরা। শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য মহোদয় সকলকে সাথে নিয়ে ১ মিনিট নিরবতা পালন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে শাহাদাৎ বরণকারী তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের রুহের মাগফিরাত কামনায় দোয়া-মোনাজাতে অংশ নেন। পরে উপাচার্য মহোদয় সমাধি কমপ্লেক্স সংলগ্ন বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করে পরিদর্শক বহিতে স্বাক্ষর করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়